দৈনিক সংবাদ

তারিখ ... 30 MAY 1989
পৃষ্ঠা ... 7 কলাম ... 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

014

## সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে শূন্যপদে অবিলম্বে শিক্ষক নিয়োগের আহবান

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির চেয়ারম্যান আলহাজ্ব আবদুল জলিল ও সাধারণ সম্পাদক মোঃ মতিউর রহমান এক বিবৃতিতে অবিলম্বে সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সকল শূন্যপদ পূরণ করার আহ্বান জানিয়েছেন। এক বিবৃতিতে তারা বলেন, বহু সরকারী মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক-শিক্ষিকার অধিকাংশ পদ শূন্য থাকায় ছাত্রছাত্রীদের লেখাপড়ার দারুণ ব্যাঘাত হচ্ছে এবং অনেক শিক্ষক-শিক্ষিকা প্রমোশন না পেয়েই অবসর গ্রহণ করতে বাধ্য হচ্ছেন।